



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১১ এপ্রিল ২০১৮ খ্রি.

জননেত্রী শেখ হাসিনা'র সরকার মেধানির্ভর জাতি

বিনির্মাণে নিরসলভাবে কাজ করে যাচ্ছে--মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, তথ্য, প্রযুক্তি ও বিজ্ঞান নির্ভর আধুনিক জ্ঞান অর্জন ছাড়া দেশ ও জাতির প্রকৃত কল্যাণ করা সম্ভব নয়। তিনি বর্তমান সরকারের বিজ্ঞান ভিত্তিক কার্যক্রমের বিশদ ব্যাখ্যা তুলে ধরে বলেন, জননেত্রী শেখ হাসিনা'র সরকার মেধানির্ভর জাতি বিনির্মাণে নিরসলভাবে কাজ করে যাচ্ছে। সরকার দেশের অবকাঠামোগত উন্নয়ন টেকসই করার জন্য পরিকল্পনা নিয়েছে। সরকারের এ পরিকল্পনা বাস্তবায়নে প্রকৌশলীদের ভূমিকা গুরুত্বপূর্ণ। মেয়র প্রকৌশলীদের দেশপ্রেম ধারণ করে দেশের উন্নয়নে অবদান রাখার আহবান জানান। ৯ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, বিকেলে নগরভবনের সম্মেলন কক্ষে সম্প্রতি অনুষ্ঠিত নির্বাচনে ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স চট্টগ্রাম কেন্দ্র থেকে নির্বাচিত সম্মানি সম্পাদক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মোহাম্মদ রফিকুল ইসলাম মানিককে বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতা স্মৃতি পরিষদ প্রদত্ত সংবর্ধনা অনুষ্ঠানে মেয়র প্রধান অতিথির ভাষনে এ আহবান জানান। অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন সম্মানি সম্পাদক মো. রফিকুল ইসলাম মানিকের হাতে ক্রেস্ট, বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী বই ও সম্মাননা স্মারক তুলে দেন। সংগঠনের সভাপতি প্রফেসর ড. জিনবোধি ভিক্ষুর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মো. আবদুর রহিমের উপস্থাপনায় অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক, আওয়ামীলীগ নেতা বেলাল আহমদসহ সংশ্লিষ্ট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১১ এপ্রিল ২০১৮ খ্রি.

শাহ আমানত সিটি কর্পোরেশন সুপার মার্কেট আধুনিকায়ন ও সম্প্রসারণে

প্রায় সাড়ে ৮ কোটি টাকা ব্যয়ে হবে --মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, যুগের চাহিদা অনুযায়ী শাহ আমানত সিটি কর্পোরেশন সুপার মার্কেটকে আধুনিকায়ন ও সম্প্রসারণ করা হচ্ছে। এ কাজে প্রায় সাড়ে ৮ কোটি টাকা ব্যয় করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ মার্কেটটির নিরাপত্তা ও দৃষ্টিনন্দন করাসহ আধুনিক সুযোগ-সুবিধা এবং নানামুখী সংস্কারের মাধ্যমে সর্বসাধারণের জন্য একটি আধুনিক মার্কেটে উন্নয়ন করা হবে। ১১ এপ্রিল ২০১৮ খ্রি. দুপুরে শাহ আমানত সিটি কর্পোরেশন সুপার মার্কেট পরিদর্শন শেষে মার্কেটের ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভায় মেয়র এসব তথ্য উপস্থাপন করেন।

শাহ আমানত সিটি কর্পোরেশন সুপার মার্কেট মালিক ও ব্যবসায়ী সমিতি আয়োজিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন অত্র মার্কেটের সভাপতি মোহাম্মদ সেলিম। সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মনসুর আলম চৌধুরীর উপস্থাপনায় অনুষ্ঠিত মতবিনিময় সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী লে. কর্নেল মহিউদ্দিন আহমেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, মার্কেট উন্নয়ন ও সম্প্রসারণ কাজের দায়িত্বে নিয়োজিত তত্ত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার হোছাইন, নির্বাহী প্রকৌশলী মো. ফরহাদুল আলম, এস্টেট অফিসার এখলাছ উদ্দিন, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, ব্যবসায়ী নেতা জালাল উদ্দিন, সৈয়দুল আলম, দিদারুল হক, নাজিম উদ্দিন-১ ও নাজিম উদ্দিন-২ সহ ব্যবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ব্যবসায়ীদের মতবিনিময় সভায় সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন গত অর্থ বছরে সরকারি খাত ব্যতীত বেসরকারি খাতে পৌরকর বাবদ মাত্র ৪৭ কোটি টাকা আদায় করতে সক্ষম হয়েছে। অথচ বছরে উন্নয়ন ও অন্যান্য ব্যয় ছাড়া চসিকের প্রশাসনিক ব্যয়ই প্রায় ২০৭ কোটি টাকা। মেয়র বলেন, শিক্ষা ও স্বাস্থ্য খাতে বছরে ৫৬ কোটি টাকা ভর্তুকি দেয়া হয়। শাহ আমানত সিটি কর্পোরেশন সুপার মার্কেট থেকে বছরে মাত্র ২৬ লক্ষ ৪২ হাজার ৩ শত ৪ টাকা ৪ পয়সা ভাড়া আদায় স্বত্তে;ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন শাহ আমানত সিটি কর্পোরেশন সুপার মার্কেটটিকে রেক্টিফাইনং এর মধ্য দিয়ে আধুনিকায়ন ও সম্প্রসারণের জন্য কনসালটেন্ট নিয়োগসহ প্রায় সাড়ে ৮ কোটি টাকা ব্যয় করার প্রকল্প গ্রহন করেছে। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিজস্ব আয়ের উপর ভিত্তি করে প্রতিষ্ঠান পরিচালনার লক্ষে সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট, শপিং কমপ্লেক্স সহ চসিক পরিচালিত সকল বাণিজ্যিক প্রতিষ্ঠান আধুনিকায়ন ও সম্প্রসারণের উদ্যোগ গ্রহন করেছে। এ ছাড়াও সরকার এবং বিভিন্ন সংস্থার সহযোগিতায় নানামুখী আয়বর্ধক প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। সরকারের সার্বিক সহযোগিতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবার কাজ এগিয়ে যাচ্ছে। তিনি সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ চসিক পরিচালনায় নগরবাসীর নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন ।

চট্টগ্রাম- ১১ এপ্রিল ২০১৮ খ্রি.

চসিক পরিচালিত মোবাইল কোর্ট অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এর নেতৃত্বে ১১ এপ্রিল ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর আলকরণ জিপিও সামনে থেকে সদরঘাট রোড, অমর চাঁদ রোড ও আইস ফ্যাক্টরী রোডের উভয় পাশের ফুটপাথ ও নালার উপর থেকে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের বর্ধিত অংশ, দোকানের সামনের শেড, স্তূপকৃত মালামাল ও ভাসমান দোকানপাট সহ শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়। এ সময় সদরঘাট রোডের মেমন জেনারেল হাসপাতাল এলাকায় ফুটপাথে ইট রেখে জনসাধারণ চলাচলের

প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ফ্রেমলিন সিটি ডেভেলপার প্রতিষ্ঠানকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন